গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
fisheries.rajshahidiv.gov.bd

নম্বর: ৩৩.০২.০০০০.৩০৩.৭৭.০০৫.২২.৬৭৩

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সভার নোটিশ**

বিষয়: **নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা।**

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আগামী ০৮/১০/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৫-১০-২০২৩
মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল
উপপরিচালক
০৭২১-৭৬০১৮৪
ddrajshahi@fisheries.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
২। জেলা মৎস্য কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর;
৩। সিনিয়র সহকারী পরিচালক, সিনিয়র সহকারী পরিচালক এর দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং
৫। মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী

**২০২৩-২৪ অর্থবছরের মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| স্থান | : উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। |
| তারিখ | : ০৮/১০/২০২৩ খ্রি. |
| সময় | : বেলা ১০.০০ ঘটিকা। |

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। প্রতি কোয়ার্টারে ০১ টি করে সভা আয়োজন করা হলে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.১ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত মান শতভাগ হবে। কর্মপরিকল্পনার ১.২ নং ক্রমিকে অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির সভার **সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করতে হবে।** সে আলোকে উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২৩-২৪ সালের ২য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কে আহবান জানান।

আলোচনা

১. সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪-এর সূচকসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এ প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। সভায় সভাপতির সম্মতিক্রমে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) প্রতিবেদন অনুমোদন করা হয়।

২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর

ক) ১.২ নং ক্রমিকে অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভা

খ) ১.৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ও

গ) ১.৪ নং ক্রমিকের কর্ম-পরিবেশ উন্নয়ন (১.ফিল্টার স্থাপনের মাধ্যমে নিরাপদ খাবার পানি সরবরাহ নিশ্চিত, ২. ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ) কার্যক্রমসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(০১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১.৩ নং ক্রমিকে অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভা কার্যক্রমটি বাস্তবায়নের ক্ষেত্রে সকল দাপ্তরিক, নাগরিক ও অভ্যন্তরীন সেবা গ্রহণকারী সকলস্তরের অংশীজনের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(০২) শুদ্ধাচার সংক্রান্ত ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং উপপরিচালকের দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

(৩) কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নিরাপদ খাবার পানি নিশ্চিত করণের লক্ষ্যে ফিল্টার স্থাপন করতে হবে।

(৪) ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করে পরিধান নিশ্চিত করার লক্ষ্যে অফিস আদেশ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল)
উপপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।

পত্র নংঃ৩৩.০২.০০০০.৩০৩.৭৭.০০৫.২২.৬৭৩ তারিখ: ১০.১০.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
২. জেলা মৎস্য কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
২. জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী বিভাগ (সকল)
৩. সংশ্লিষ্ট নথি

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।

পরিশিষ্ট ক

সভায় উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটির সদস্যদের তালিকা

তারিখঃ০৮.১০.২০২২খ্রি. সময়ঃ১০.০০ ঘটিকা

| ক্র.নং | নাম, পদবী ও কর্মস্থল | পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুল ওয়াহেদ মন্ডল, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সভাপতি | |
| ০২ | মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | ফোকাল পয়েন্ট | |
| ০৩ | সানজিদা খানম, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সদস্য | |
| ০৪ | সরদার মহীউদ্দিন, সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সদস্য সচিব | |